গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) বহুমুখী পাটপণ্য উৎপাদন, ব্যবহার, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ও মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিগত ০৩(তিন)বছরে জেডিপিসি বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা অর্জনের জন্য ১৯৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে। বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ১৯ টি সচেতনতা কর্মশালা, ১১ টি ক্রেতা- বিক্রেতা সম্মেলন, ৪১ টি একক ও যৌথ মেলার আয়োজন করেছে । বহুমুখী পাটপণ্যের সকল সেবাকে উদ্যোক্তাদের কাছে সহজে পৌছানোর জন্য জামালপুরে ০১ টি জুট এন্টপ্রেনিয়র সার্ভিস সেন্টার (জেইএসসি) স্থাপন করা হয়েছে। বর্তমানে ২৮২ ধরনের বহুমুখী পাটপণ্য উৎপাদন হচ্ছে ও নতুন ২১০ জন উদ্যোক্তাসহ মোট ৭৭৮ জন উদ্যোক্তা তৈরী হয়েছে। দেশী ও বিদেশী ক্রেতাগণ যাতে একটি কেন্দ্র থেকে পছন্দমত বহুমুখী পাটপণ্য ক্রয় করতে পারে সে লক্ষ্যে একটি আন্তর্জাতিক মানের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র চালু করা হয়েছে।Jute Geo-textiles প্রকল্পের আওতায় রাস্তার ক্ষয়রোধ, নদ-নদীর পাড় ভাঙ্গণ ও পাহাড় ধ্বস রোধে ১৪ টি ফিল্ড ট্রায়াল সফলভাবে সম্পন্নের মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহার্য Jute Geo-textiles এর মান নির্ধারণ হয়েছে। পর্যটকদের দৃষ্টি আকর্ষনের জন্য বিমান বন্দরের ডিউটি ফ্রি শপের মাধ্যমে বহুমুখী পাটপণ্য বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। পাট ও বহুমুখী পাটপণ্য সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ ও সরবারাহের জন্য একটি লাইব্রেরী স্থাপন করা হয়েছে। বহুমুখী পাটপণ্য তৈরীর প্রয়োজনীয় কাঁচামাল উদ্যোক্তাদের সরবরাহের নিমিত্তে ০২ টি কাঁচামাল ব্যাংক স্থাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণ; মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রয়োজনীয় দক্ষ জনবলের অভাব ও প্রযুক্তিগত জ্ঞানের অভাব; ডিজাইন উন্নয়ন ও গবেষণার জন্য প্রয়োজনীয় জনবলের অপ্রতুলতা; বহুমুখী পাটপণ্য উৎপাদনে স্পেশালাইজড জুট মিলের অভাব; বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; জেডিপিসি'র কার্যক্রমকে ডিজিটালাইজডকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণের কার্যক্রম গ্রহণ; বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে Need Based কর্মপরিকল্পনা প্রণয়ন;বহুমুখী পাটপণ্য উৎপাদনে স্পেশালাইজড জুট মিল স্থাপন; বহুমুখী পাটপণ্যের প্রযুক্তি উন্নয়ন ও গবেষণার জন্য ল্যাব প্রতিষ্ঠাকরণ; বহুমুখী পাটপণ্যের ডিজাইন উন্নয়নে সাপোর্ট সেন্টার স্থাপন। বহুমুখী পাটপণ্যের অনলাইন মার্কেটিং কার্যক্রম জোরদারকরণ।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ▯ উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের জন্য ২৯০ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান;
- ▯ বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য ০৪ টি সচেতনতা/ উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন;
- ▯ বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের জন্য ০২ টি একক মেলা, ০৩ টি যৌথ মেলা ও ০৪ টি মতবিনিময় সভা আয়োজন;
- ▯ উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে ম্যাচমেকিং ইভেন্ট/সভা আয়োজন;
- ▯ জুট জিও-টেক্সটাইলের অধিকতর উন্নয়নের লক্ষ্যে প্রকল্প প্রস্তাত চূড়ান্ত করা;
- ▯ বঙ্গবন্ধু স্মরণে চিত্রাংকন প্রতিযোগিতা (পাটের ক্যানভাসে) আয়োজন;
- ▯ বঙ্গবন্ধু স্মরণে উদ্যোক্তাদরে অ্যাওয়ার্ড/ সম্মাননা প্রদান;
- ▯ বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপ আয়োজন;
- ▯ মানসম্পন্ন পণ্য উৎপাদনে পণ্যের গুনগতমান/ডিজাইন উন্নয়ন বিষয়ক ০২টি ওয়ার্কশপ আয়োজন;
- ▯ বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী ৫৫,০০০ মিটার কাঁচামাল সরবরাহ করা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের **২৭** তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)
পাটের ব্যবহার সম্প্রসারণে পাটপণ্যের বহুমুখীকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)
বহুমুখী পাটপণ্য উৎপাদনে নতুন উদ্যোক্তা তৈরি, নতুন ডিজাইন ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং বাজারজাতকরণ কৌশল উন্নয়নের মাধ্যমে বহুমুখী পাটপণ্যের ব্যবহার সম্প্রসারণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র
#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ;
২. বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ;
৩. বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১.৪.১. বহুমুখী পাটশিল্পে উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে বেসরকারী উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান; ১.৪.২. বহুমুখী পাটপণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন মেলা, ক্রেতা- বিক্রেতা সম্মেলন আয়োজন; ১.৪.৩. জুট ডাইভারসিফাইড প্রডাক্ট উপযোগী ডিজাইন উন্নয়নে গবেষণার জন্য Research & Development Institution এর গবেষণাকারীদের সহায়তায় ডিজাইন উন্নয়ণ করে তা বাণিজ্যিকিকরণের ব্যবস্থা গ্রহণ; ১.৪.৪. বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য সচেতনতা কর্মশালা/উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন; ১.৪.৫. উদ্যোক্তাদের সহজ ও সুলভমূল্যে কাঁচামাল প্রাপ্তিতে সহায়তা প্রদান; ১.৪.৬. উদ্যোক্তাদের জন্য নিত্য নতুন ডিজাইন উদ্ভাবন।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| বহুমুখী পাটপণ্য উৎপাদনে অবদান | বহুমুখী পাটপণ্য উৎপাদনে সহায়তা | % | ৩১% | ৩২% | ৩৫% | ৩৮% | ৪০% | বিজেএমসি, বিসিক, বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউট। | জেডিপিসি ও জেইএসসি'র প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ; | ৩০ | [১.১] বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | [১.১.১] আয়োজিত মেলা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫ | ৩ | ২ | ২ | ২ | ১ | ১ | ৬ | ৭ |
| | | [১.২] বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত মেলা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ৪ | ৩ | ২ | ২ | ১ | ১ | ৫ | ৬ |
| | | [১.৩] আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের প্রস্তুতি বিষয়ক ওয়ার্কশপ | [১.৩.১] আয়োজিত ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১ | ১ | ১ | | | ২ | ৩ |
| | | [১.৪] বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপ আয়োজন | [১.৪.১] আয়োজিত ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১ | ১ | ১ | ১ | | ২ | ২ | |
| | | [১.৫] ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | [১.৫.১] আয়োজিত ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ৫ | ৫ |
| | | [১.৬] কাঁচামাল সরবরাহ | [১.৬.১] সরবরাহকৃত কাঁচামাল | সমষ্টি | গজ/মিটার | ৫ | ৬১২০০ | ৫০০০০ | ৫৫০০০ | ৫০০০০ | ৪০০০০ | ৩৮০০০ | ৩০০০০ | ৭০০০০ | ৭৫০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ; | ৩০ | [২.১] সচেতনতা মূলক/উদ্বুদ্ধকরণ কর্মশালা | [২.১.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮ | ৫ | ৪ | ৩ | ২ | ২ | | ৮ | ৯ |
| | | [২.২] ক্রেতা-বিক্রেতা সম্মেলন | [২.২.১] আয়োজিত ক্রেতা-বিক্রেতা সম্মেলন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ৩ | ২ | ২ | ১ | ১ | | ৬ | ৭ |
| | | [২.৩] উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা | [২.৩.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫ | | ৪ | ৩ | ২ | ১ | | ৭ | ৮ |
| | | [২.৪] উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে ম্যাচমেকিং ইভেন্ট/সভা আয়োজন | [২.৪.১] আয়োজিত ইভেন্ট/সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১ | ১ | | | | ১ | ২ |
| | | [২.৫] জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধি সম্পর্কে স্টেক হোল্ডারের সাথে সভা | [২.৫.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১ | ১ | | | | ১ | ১ |
| | | [২.৬] বঙ্গবন্ধু স্মরণে চিত্রাংকন প্রতিযোগিতা (পাটের ক্যানভাসে) | [২.৬.১] আয়োজিত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১ | | | | | ১ | ১ |
| | | [২.৭] বঙ্গবন্ধু স্মরণে উদ্যোক্তাদেরে অ্যাওয়ার্ড/ সম্মাননা প্রদান | [২.৭.১] প্রদত্ত সম্মাননা | তারিখ | তারিখ | ৫ | ১১.০৩.২০ | ১৯.০৩.২১ | ৩১.০৩.২২ | ১৯.০৪.২২ | ২৪.০৫.২২ | ২৩.০৬.২২ | | ২৩.০৩.২৩ | ১৪.০৩.২৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন; | ১০ | [৩.১] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [৩.১.১] প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৩ | ২৫০ | ২৮০ | ২৯০ | ২৭৫ | ২৭০ | ২৬৫ | ২৫০ | ৩১০ | ৩২০ |
| | | [৩.২] পণ্যের গুনগতমান উন্নয়ন প্রশিক্ষণ | [৩.২.১] প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১ | ১ | ১ | | | ২ | ২ |
| | | [৩.৩] ই-মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [৩.৩.১] প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৩ | ৩ | ২ | ১ | ১ | | ৪ | ৫ |
| | | [৩.৪] এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | [৩.৪.১] প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | ১ | ১ | | | | | ২ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ৭০ | ৯০ | | | | | | ৯৫ | ১০০ |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ৮০ | ৯০ | | | | | | ১০০ | ১০০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০০ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় হিসাবে নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

নির্বাহী পরিচালক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

তারিখ

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | SIP | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প |
| ২ | আরএমবি | র-মেটিরিয়াল ব্যাংক (কাঁচামাল ব্যাংক) |
| ৩ | জেইএসসি | জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার |
| ৪ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| ৫ | বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট |
| ৬ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস করপোরেশন |
| ৭ | বিজেএসএ | বাংলাদেশ জুট স্পিনার এ্যাসোসিয়েশন |
| ৮ | বিজেএমএ | বাংলাদেশ জুট মিলস্ এ্যাসোসিয়েশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | [১.১.১] আয়োজিত মেলা | জেডিপিসি ও জেইএসসি | জেডিপিসি ও জেইএসসির মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন |
| [১.২] বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত মেলা | জেডিপিসি ও জেইএসসি | জেডিপিসি ও জেইএসসির মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের প্রস্তুতি বিষয়ক ওয়ার্কশপ | [১.৩.১] আয়োজিত ওয়ার্কশপ | জেডিসিসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপ আয়োজন | [১.৪.১] আয়োজিত ওয়ার্কশপ | জেডিপিসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | [১.৫.১] আয়োজিত ওয়ার্কশপ | জেডিপিসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] কাঁচামাল সরবরাহ | [১.৬.১] সরবরাহকৃত কাঁচামাল | জেডিপিসি ও জেইএসসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.১] সচেতনতা মূলক/উদ্বুদ্ধকরণ কর্মশালা | [২.১.১] আয়োজিত কর্মশালা | জেডিপিসি ও জেহিএসসি'র | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.২] ক্রেতা-বিক্রেতা সম্মেলন | [২.২.১] আয়োজিত ক্রেতা-বিক্রেতা সম্মেলন | জেডিপিসি' ও জেহিএসসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা | [২.৩.১] আয়োজিত সভা | জেডিপিসি' ও জেহিএসসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির লক্ষ্যে ম্যাচমেকিং ইভেন্ট/সভা আয়োজন | [২.৪.১] আয়োজিত ইভেন্ট/সভা | জেডিপিসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] জুট জিও-টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধি সম্পর্কে স্টেক হোল্ডারের সাথে সভা | [২.৫.১] আয়োজিত সভা | জেডিপিসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] বঙ্গবন্ধু স্মরণে চিত্রাংকন প্রতিযোগিতা (পাটের ক্যানভাসে) | [২.৬.১] আয়োজিত প্রতিযোগিতা | জেডিপিসি' | জেডিপিসি'র মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন |
| [২.৭] বঙ্গবন্ধু স্মরণে উদ্যোক্তাদরে অ্যাওয়ার্ড/ সম্মাননা প্রদান | [২.৭.১] প্রদত্ত সম্মাননা | জেডিপিসি'র | জেডিপিসি'র মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [৩.১.১] প্রদত্ত প্রশিক্ষণ | জেডিপিসি' ও জেহিএসসি | জেডিপিসি'র ও জেহিএসসি'র মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] পণ্যের গুনগতমান উন্নয়ন প্রশিক্ষণ | [৩.২.১] প্রদত্ত প্রশিক্ষণ | জেডিপিসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] ই-মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [৩.৩.১] প্রদত্ত প্রশিক্ষণ | জেডিপিসি | জেডিপিসি'র মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | [৩.৪.১] প্রদত্ত প্রশিক্ষণ | জেডিপিসি | জেডিপিসি'র মাসিক,ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বহুমুখী পাটপণ্যের প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক ওয়ার্কশপ আয়োজন | আয়োজিত ওয়ার্কশপ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | ওয়ার্কশপ অংশগ্রহণে সহযোগিতা |
| ক্রেতা-বিক্রেতা সম্মেলন | আয়োজিত ক্রেতা-বিক্রেতা সম্মেলন | বাণিজ্য মন্ত্রণালয় | ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনে সহযোগিতা |
| বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | আয়োজিত মেলা | জনপ্রশাসন মন্ত্রণালয় | মেলা আয়োজনে সহযোগিতা |
| বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | অংশগ্রহণকৃত মেলা | জনপ্রশাসন মন্ত্রণালয় | মেলায় অংশগ্রহণে সহযোগিতা |
| ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | আয়োজিত ওয়ার্কশপ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | ওয়ার্কশপ আয়োজনে সহযোগিতা |
| কাঁচামাল সরবরাহ | সরবরাহকৃত কাঁচামাল | বাংলাদেশ জুট মিলস্ এ্যাসোসিয়েশন | কাচামাল সরবরাহে সহযোগিতা |
| উদ্যোক্তাদের সম্মাননা প্রদান (অ্যাওয়ার্ড প্রদান) | প্রদত্ত সম্মাননা | শিল্প মন্ত্রণালয় | সম্মাননা আয়োজনে সহযোগিতা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ